# আত-তাকভীর | At-Takwir | ٱلتَّكۡوِير

আয়াতঃ ৮১ : ৯

## আরবি মূল আয়াত:

بِاَیِّ ذَنۡۢبٍ قُتِلَتۡ ۚ﴿۹﴾

## অনুবাদসমূহ:

কী অপরাধে তাকে হত্যা করা হয়েছে? — আল-বায়ান

কোন্ অপরাধে তাকে হত্যা করা হয়েছে? — তাইসিরুল

কি অপরাধে তাকে হত্যা করা হয়েছিল? — মুজিবুর রহমান

For what sin she was killed — Sahih International

### ৯. কী অপরাধে তাকে হত্যা করা হয়েছিল?(১)

(১) কোনো কোনো মুফাস্‌সির বলেন, এই আয়াতের বর্ণনাভঙ্গীতে মারাত্মক ধরনের ক্রোধের প্রকাশ দেখা যায়। যে পিতা বা মাতা তাদের মেয়েকে জীবিত পুঁতে ফেলেছে আল্লাহর কাছে তারা এত বেশী ঘৃণিত হবে যে, তাদেরকে সম্বোধন করে একথা জিজ্ঞেস করা হবে না, তোমরা এই নিষ্পাপ শিশুটিকে হত্যা করেছিলে কোন অপরাধে? বরং তাদের দিক থেকে দৃষ্টি ফিরিয়ে নিয়ে ছোট্ট নিরপরাধ মেয়েকে জিজ্ঞেস করা হবে, তোমাকে কোন অপরাধে মেরে ফেলা হয়েছিল? [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

### ৯। কোন্ অপরাধে তাকে হত্যা করা হয়েছিল? [1]

[1] এইরূপে আসলে হত্যাকারীকে ভৎর্সনা করা হবে সেদিন। কেননা, আসল অপরাধী তো সেই; সে কন্যা অপরাধিনী নয় যাকে জীবন্ত পুঁতে ফেলা হয়েছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5809

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন